



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
www.btrc.gov.bd



## প্রেস বিজ্ঞপ্তি

### আইপি টিভি (ইন্টারনেট প্রটোকল টেলিভিশন) সার্ভিস সংক্রান্ত বিভিন্ন বিষয়সমূহ স্পষ্টীকরণ

ঢাকা, ১৯ সেপ্টেম্বর ২০২১:

টেলিভিশনে প্রচারিত কন্টেন্টসমূহ ইন্টারনেট প্রটোকল নেটওয়ার্ক ব্যবহার করে সম্প্রচার করার প্রক্রিয়া হলো Internet Protocol Television (IPTV)। বিটিআরসি কেবলমাত্র লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহকে আইপি ভিত্তিক ডাটা সার্ভিস (যেমনঃ Streaming Service, IP-TV, Video-on-Demand) এর অনুমোদন প্রদান করে থাকে।

বিটিআরসি কর্তৃক IPTV সার্ভিসের অনুমোদন প্রাপ্ত আইএসপি অপারেটরগণ ইন্টারনেটের মাধ্যমে তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত স্যাটেলাইট টিভি চ্যানেল সমূহের সম্প্রচার শুধুমাত্র তাদের গ্রাহকদেরকেই প্রদর্শন করতে পারবে। তবে প্রতিটি চ্যানেল বা প্রোগ্রাম বা কন্টেন্ট প্রচারে প্রয়োজনীয় চুক্তি/অনুমোদন/ছাড়পত্র সংশ্লিষ্ট প্রদানকারী প্রতিষ্ঠান হতে গ্রহণ করতে হবে।

সাম্প্রতিক কালে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অসাধু ব্যবসায়ী অবৈধভাবে ডোমেইন ক্রয়/ফেইসবুক/ইউটিউব চ্যানেল এর মাধ্যমে জনগণকে IPTV প্রদর্শন করছে যার কোন বৈধ অনুমোদন নেই। অনুমোদন ব্যতিরেকে উক্ত সম্প্রচার অনৈতিক এবং টেলিযোগাযোগ আইনের ব্যত্যয়। এজন্য ইতোমধ্যে এরূপ ৫৯ টি অনির্দিষ্ট অবৈধ আইপিটিভি কমিশন হতে বন্ধ করা হয়েছে। এ সকল কার্যক্রমের সহিত বিটিআরসি কর্তৃক আইপি ভিত্তিক ডাটা সার্ভিসের জন্য অনুমোদন প্রাপ্ত আইএসপি প্রতিষ্ঠান সমূহের কোন সংশ্লিষ্টতা নেই।

-বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন